



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।  
[www.ccb.gov.bd](http://www.ccb.gov.bd)



তারিখঃ ২১ নভেম্বর ২০২২  
০৬ অগ্রহায়ণ ১৪২৯

### প্রেস রিলিজ

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত 'দেশের বাজারে চিনির মূল্য ও সরবরাহ নিয়ন্ত্রণ' বিষয়ক মতবিনিময় সভা ২১-১১-২০২২ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় কমিশনের সদস্যবৃন্দ জনাব জি.এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব সালমা আখতার জাহান, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোহাম্মাদ দাউদুল ইসলাম, এন এস আই যুগ্ম পরিচালক জনাব মেজর এ. এম ফয়সাল রহমান, শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব আফরোজা বেগম পারুল, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব তাহমিনা বেগম, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের গবেষণা কর্মকর্তা মোহাম্মাদ রায়হান, টিসিবির সহকারী পরিচালক জনাব মোঃ নাসির উদ্দিন তালুকদার, সিটি গ্রুপের উপদেষ্টা জনাব অমিতাভ চক্রবর্তী, মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ডেপুটি এ্যাডভাইজার জনাব মোঃ শফিউর রহমান, সিনিয়র এ্যাসিস্ট্যান্ট জেনারেল জনাব মোঃ তাসলিম শাহরিয়ার, ক্যাবের বাজার বিশ্লেষক কাজী আব্দুল হান্নান, সিটি গ্রুপের পরিচালক জনাব বিশ্বজিৎ সাহা, এস. আলম গ্রুপের উর্দ্ধতন মহাব্যবস্থাপক জনাব কাজী সালাহউদ্দিন আহাম্মাদ, দেশবন্ধু সুগার মিলসের সিনিয়র ম্যানেজার জনাব মিন্টু চক্রবর্তী, আব্দুল মোমেন গ্রুপের হেড অব সেলস জনাব মোঃ মনিরুজ্জামান, প্রাণ গ্রুপের ডেপুটি ম্যানেজার জনাব তারেক আহমেদ এবং কমিশনের সকল কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত সভায় দেশের বাজারে চিনির মূল্যের অস্থিরতা, সরবরাহে সংকটের কারণ ও সংকট মোকাবেলায় করণীয় বিষয়ে পর্যালোচনা করা হয়। দেশের বাজারে চিনির মূল্য স্বাভাবিক রাখার ব্যাপারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা এবং বাজারে প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কমিশনের সহযোগিতা প্রত্যাশা করেন উপস্থিত অংশীজনবৃন্দ।

স্বাক্ষরিত

(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২

ই-মেইল : [shekhruheldu@gmail.com](mailto:shekhruheldu@gmail.com)